

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৩৮৮

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

بَابُ مَا يَقُولُ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ وَالْمَنَامِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَتْ فَاطِمَةُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْأَلُهُ خَادِمًا فَقَالَ: «أَلَا أَدُلُّكَ عَلَى مَا هُوَ خَيْرٌ مِنْ خَادِمٍ؟ تُسَبِّحِينَ اللَّهَ ثَلَاثًا وَتَلَاثِينَ وَتَحْمَدِينَ اللَّهَ ثَلَاثًا وَتَلَاثِينَ وَتُكَبِّرِينَ اللَّهَ أَرْبَعًا وَتَلَاثِينَ عِنْدَ كُلِّ صَلَاةٍ وَعِنْدَ مَنَامِكَ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২৩৮৮-[৮] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন ফাতিমা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে একজন খাদিম চাইতে আসলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি কি তোমাকে এমন পথ দেখাবো না, যা তোমার জন্য খাদিমের চেয়ে অনেক উত্তম হবে? তা হলো প্রত্যেক সালাতের সময় ও ঘুমানোর সময় পড়বে তেত্রিশবার 'সুবহা-নাঈহ', তেত্রিশবার 'আলহামদুলিল্লা-হ' ও চৌত্রিশবার 'আল্ল-হু আকবার'। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৭২৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে এ মর্মে দলীল রয়েছে যে, যে ব্যক্তি ঘুমানোর সময় অধ্যবসার সাথে এ জিকির করবে, তাকে ক্লান্তি ধরবে না। কেননা এখানে ফাতিমা (রাঃ) কাজের কষ্টের কথা বললেন, আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এটা পূর্ণ করতে বললেন। ইমাম ইবনু তায়মিয়াহ্ (রহঃ) অনুরূপ বর্ণনা করেছেন। 'আল্লামা হাফেয আসকালানী (রহঃ) বলেনঃ এতে লক্ষণীয় বিষয় রয়েছে, আর এখানে কষ্ট দূর হওয়ার ব্যাপারটি নির্দিষ্ট করা হয়নি। বরং যে সেটার (উল্লেখিত দু'আ) প্রতি যত্নবান হবে, কাজের আধিক্যের কারণে তার কষ্ট না হওয়ার সম্ভাবনা রয়েছে। আর কাজ তার ওপর কঠিন হবে না, যদিও তাতে কষ্ট সাধিত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56947>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন